



ইসরায়েলের দিকে ইরানের ব্যাপক ক্ষেপণাস্ত্র হামলা



ছবি: সংগৃহীত

ইসরায়েল লক্ষ্য করে বড় পরিসরে ক্ষেপণাস্ত্র ছুড়েছে ইরান। ইরানের আধা-সরকারি সংবাদমাধ্যম তাসনিম নিউজ এজেন্সি এ তথ্য জানিয়েছে। একই সময়ে নতুন দফার হামলা শনাক্তের কথা নিশ্চিত করেছে ইসরায়েলি সামরিক বাহিনী।

গুক্রবার (১৩ মার্চ) সন্ধ্যায় আল জাজিরা লাইভ আপডেটে বিষয়টি প্রকাশ করে।

ইসরায়েলি সেনাবাহিনীর বিবৃতিতে বলা হয়, ইরান থেকে ছোড়া একাধিক ক্ষেপণাস্ত্র তাদের নজরে এসেছে এবং সেগুলো ঠেকাতে আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় রয়েছে। সম্ভাব্য ঝুঁকিপূর্ণ এলাকার বাসিন্দাদের সতর্ক থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। সাধারণ মানুষের মোবাইলে জরুরি সতর্কবার্তাও পাঠানো হচ্ছে।

অন্যদিকে তাসনিমের প্রতিবেদনে দাবি করা হয়েছে, ইসরায়েলের নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে একযোগে ক্ষেপণাস্ত্র হামলা চালানো হয়েছে। এতে মধ্যপ্রাচ্যজুড়ে উত্তেজনা আরও বেড়েছে।

উত্তর ইসরায়েলে একটি ক্ষেপণাস্ত্র আঘাতে অন্তত দুজন আহত হয়েছেন বলে জানিয়েছে ইসরায়েলি দৈনিক হায়ারেটজ। আহতদের একজন ৬০ বছর বয়সী পুরুষ ও অপরজন ৫০ বছর বয়সী নারী। উদ্ধারকারীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তাদের হাসপাতালে ভর্তি করে।

ক্ষয়ক্ষতির পূর্ণ বিবরণ এবং হামলার সুনির্দিষ্ট উৎস সম্পর্কে এখনো বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।